

তারিখঃ ২৬ নভেম্বর ২০২৩ খ্রি:

নং ০৫.৪৫.৩৯০০.০০১.১০.০৩৭.২৩-২০


### গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৬ নভেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৭২৭ নং স্মারক মূলে সকল সম্ভাব্য প্রার্থীর পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, পেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প নিজ দায়িত্বে অপসারণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৮ অনুসারে কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি (ক) কোন ট্রাক, বাস, মোটর সাইকেল, নৌ-যান, ট্রেন কিংবা অন্য কোন যান্ত্রিক যানবাহন সহকারে মিছিল কিংবা মশাল মিছিল বাহির করতে পারবে না কিংবা কোনরূপ শোভাউন করতে পারবে না; (খ) মনোনয়নপত্র দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শোভাউন করতে পারবে না। আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১২ অনুসারে কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাদের পক্ষে অন্য কোন ব্যক্তি ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের তিন সপ্তাহ সময়ের পূর্বে কোন প্রকার নির্বাচনী প্রচার শুরু করতে পারবে না।

০২। উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে সম্ভাব্য প্রার্থীগণের বিরুদ্ধে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা ২০০৮ অনুসারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

তারিখঃ ২ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


  
২৬.১১.২০২৩  
মোঃ শফিউর রহমান  
জেলা প্রশাসক, জামালপুর  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং ০৫.৪৫.৩৯০০.০০১.১০.০৩৭.২৩-২০

তারিখঃ ২৬ নভেম্বর ২০২৩ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৫। পুলিশ সুপার, জামালপুর
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), জামালপুর
- ৮। মেয়র, পৌরসভা (সকল), জামালপুর
- ৯। জেলা নির্বাচন কর্মকর্তা, জামালপুর
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জামালপুর ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। জেলা তথ্য অফিসার, জামালপুর
- ১২। উপজেলা নির্বাচন অফিসার (সকল), জামালপুর
- ১৩। অফিসার ইন-চার্জ (সকল থানা), জামালপুর
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, জামালপুর প্রেসক্লাব, জামালপুর
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, জামালপুর জেলা প্রেসক্লাব, জামালপুর
- ১৬। নোটিশ বোর্ড।

  
২৬.১১.২০২৩

জেলা প্রশাসক, জামালপুর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন